Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 16 April, 2025

আলোচিত কনটেন্ট ক্রিয়েটর আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলমের পালক বাবা আবদুর রাজ্জাক মারা গেছেন।তিনি মঙ্গলবার (১৫ এপ্রিল) ঢাকার একটি সরকারি হাসপাতালে রাত ৯টায় শেষ নিশ্বাস ত্যাগ করেন।এ সময় হিরো আলম তার স্ত্রীকে পাশে পাননি।তাই ফেসবুকে স্ত্রী রিয়ামনিকে বয়কটের ঘোষণা দিয়েছেন তিনি।

আবদুর রাজ্জাকের মৃত্যুর সংবাদ নিশ্চিত করেছেন হিরো আলম নিজেই। তবে রিয়ামনির বিষয়ে কোনো কথা বলতে রাজি হননি তিনি।আলম বলেন, ‘এই মুহূর্তে কোনো কথা বলতে চাই না।যা বলার আমি ফেসবুকে বলে দিয়েছি।সবাই আমার বাবার আত্মার শান্তির জন্য দোয়া করবেন।

‘বাবা’র মৃত্যু খবর জানিয়ে হিরো আলম ফেসবুকে লিখেছেন, রিয়া মনিকে আমার জীবন থেকে বয়কট করলাম।কারণ আমার বাবা হসপিটালে।সে আমার বাবার কাছে না থেকে বিভিন্ন ছেলেদের নিয়ে নাচগান করে বেড়ায় এবং তার পরিবারে কোনো সদস্য আমার বাবা এতদিন হসপিটালে কেউ কোনদিন দেখতে আসেনি।আমার বাবা বেঁচে থাকতে দেখতে আসলো না। তাহলে আমি পড়ে থাকলে সে কি করবে?

হিরো আলম আরও উল্লেখ করেন, ‘রিয়ামনি মায়ামনি ঢাকা শহরে বিভিন্ন বারের ডান্সার। সেখান থেকে আমি একটা ভালো পথে আনার চেষ্টা করেছিলাম।ছেড়ে দেয়া গরু কোনোদিন ঘরে বন্দি করে রাখা যায়? খুব শিগগির মায়ামনি রিয়া খুব তাড়াতাড়ি তারা যে কত খারাপ বুঝতে পারবেন আপনারা।

একসঙ্গে কাজ করতে গিয়ে রিয়ামনির প্রেমে পড়েছিলেন হিরো আলম।সে কারণেই দ্বিতীয় স্ত্রী মডেল নুসরাত জাহান হিরো আলমকে ডিভোর্স দেন। পরে হিরো আলম রিয়ামনিকে বিয়ে করেন।

হিরো আলম বয়কট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:53

URL: https://timestodaybd.com/entertainment/887423074